


## আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধানের সভাপতিত্বে প্রথম ভার্চুয়াল (অনলাইন)

আমেলা সভার সুযোগ পেল লাজনা ইমাইল্লাহ্ কানাডার ন্যাশনাল আমেলা



ইসলামের প্রকৃত শিক্ষার প্রচারে নিজ প্রয়াস ও কর্মকাণ্ডের পরিধি বাড়াতে  
লাজনা ইমাইল্লাহ্‌কে উৎসাহিত করলেন হযরত মির্যা মসরুর আহমদ (আই.)

১৬ অগস্ট ২০২০ আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধান পঞ্চম খলীফা হযরত মির্যা মসরুর আহমদ (আই.)-এর সাক্ষাত লাভের এবং তাঁর সাথে এক অফিশিয়াল ভার্চুয়াল (অনলাইন) সভায় মিলিত হওয়ার সুযোগ পেল লাজনা ইমাইল্লাহ্ কানাডার ন্যাশনাল আমেলা (কার্যনির্বাহী পরিষদ)।

হ্যাঁর আকদাস টিলফোর্ডের ইসলামাবাদে তাঁর কার্যালয় থেকে সভায় সভাপতিত্ব করেন, আর লাজনা আমেলার সদস্যবৃন্দ অন্টারিওর ভন-এ অবস্থিত জামেয়া আহমদীয়া কানাডার অডিটোরিয়াম থেকে যোগদান করেন।

ঘণ্টা-ব্যাপী সভায় আমেলার সদস্যগণ নিজ নিজ বিভাগের কর্মকাণ্ড সম্পর্কে রিপোর্ট পেশ করার এবং বিভিন্ন বিষয়ে হ্যাঁর আকদাস (আই.)-এর পরামর্শ ও দিকনির্দেশনা চাওয়ার সুযোগ লাভ করেন।

নতুন বয়আতকারীগণ যেন আহমদীয়া মুসলিম জামা'তে ভালোভাবে সমন্বিত হন, সে লক্ষ্যে হ্যাঁর আকদাস নির্দেশনা প্রদান করেন যে, এমন সভাসমূহ ও অনুষ্ঠানাদির আয়োজন করতে হবে যেখানে সাম্প্রতিক বয়আতকারীগণকে সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে উৎসাহিত করা হয়। উপরন্ত, এটি আবশ্যিক যে, নতুন বয়আতকারীগণকে যেন আহমদীয়া মুসলিম জামা'তের অপরাপর সদস্যবৃন্দ সংবেদনশীলতা ও বিবেচনাবোধের সাথে সমর্থন ও সহযোগিতা প্রদান করেন।

তদুপরি, হ্যার আকদাস বলেন যে, ইসলামের প্রকৃত ও শান্তিপূর্ণ শিক্ষার প্রসারের জন্য আরও বহির্মুখী অনুষ্ঠানাদি এবং ব্যক্তিগত সম্পর্ককে লালন করার বৃহত্তর প্রয়াস গ্রহণ করা উচিত।

হ্যার আকদাস আহমদীদের নৈতিক ও ধর্মীয় প্রশিক্ষণের বিষয়ে বিস্তারিত দিকনির্দেশনাও প্রদান করেন এবং বলেন যে, এ বিষয়ে লাজনা ইমাইল্লাহ্ এক বড় ভূমিকা রয়েছে। তিনি বলেন যে, লাজনার ব্যবস্থাপনায় নিয়োজিত সদস্যবৃন্দের জন্য আবশ্যিক যে, তারা যেন সকল সদস্যার সাথে ভালোবাসাপূর্ণ ও সম্মানজনক আচরণ করেন এবং লাজনা ইমাইল্লাহ্ নবীন সদস্যদের সাথে বন্ধুত্বের সম্পর্ক গড়ে তোলার জন্য জোর প্রয়াস গ্রহণ করেন।

হ্যারত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“আহমদী মায়েদের নিজেদের সন্তানদের সাথে এক প্রকৃত বন্ধুত্ব গড়ে তোলার চেষ্টা করা উচিত, কেননা এটি তাদেরকে আরো ভালোভাবে তাদের পথ প্রদর্শনের সুযোগ করে দেবে। উপরন্ত, আমেলার সদস্যদের আহমদী মেয়েদের সাথেও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক প্রতিষ্ঠা করা উচিত এবং তাদের পথ প্রদর্শন করা উচিত। তাদেরকে পরামর্শ দিন তারা যেন তাদের আকাঙ্ক্ষা অনুসারে যেকোন বিষয়ে শিক্ষা গ্রহণ করে; কিন্তু একই সাথে তাদেরকে স্মরণ করান যে, ধর্মকে জাগতিক বিষয়াদির উপর প্রাধান্য দেয়ার অঙ্গীকারের উপর তাদেরকে চিরকাল অবিচল থাকতে হবে। আল্লাহ্ তালা আমাদের উপর যে সকল অনুগ্রহার্জি অবতীর্ণ করেছেন সেগুলোর জন্য তাঁর কাছে কৃতজ্ঞতা প্রকাশের সর্বোত্তম মাধ্যম হলো আমাদের নিজ বিশ্বাসের সাথে দৃঢ়ভাবে সংযুক্ত থাকা।”

হ্যার আকদাস লাজনা ইমাইল্লাহ্ কানাডাকে এমন সেমিনার ও ফোরামসমূহ আয়োজনের নির্দেশনা প্রদান করেন যেখানে আহমদী কিশোরী ও যুবতীগণ ধর্ম ও বিশ্বাস সম্পর্কে তাদের যে কোন প্রশ্ন স্বচ্ছন্দে উপস্থাপন করতে পারে।

সভার পর লাজনা ইমাইল্লাহ্ কানাডার সদর (দেশীয় সভানেত্রী) মিসেস আমাতুল সালাম বলেন:

“ন্যাশনাল মজলিস আমেলার ২৭ মার্চ ২০২০ মুলাকাতের জন্য লক্ষন সফরের কথা ছিল। কিন্তু, কোভিড-১৯ জনিত বাধ্যবাধকতার কারণে এ পরিকল্পনা স্থগিত করা হয়। আমরা ব্যথিত ছিলাম, তবে বিষয়টি অনুধাবনযোগ্য ছিল। কিন্তু যখন আমরা জানতে পারলাম যে হ্যারত খলীফাতুল মসীহ খায়েস (আই.) বিষয়টি ভুলে যান নি, এবং আমাদেরকে একটি ভার্চুয়াল (অনলাইন) মুলাকাতের সুযোগ প্রদান করেছেন, আমরা উৎসাহে ও কৃতজ্ঞতায় অভিভূত হয়ে পড়ি। আমরা অসাধারণভাবে বিনয়াবন্ত হই এজন্য যে, হ্যার আকদাস আমাদের মুলাকাতের আবেদনটি স্মরণ রেখেছেন এবং আল্লাহ্ তালার ফযলে এটি এমন এক উপায় বাস্তবে পরিণত হয়েছে যা কল্পনা করা কারো পক্ষে সম্ভব ছিল না। আলহামদুলিল্লাহ্! এ অনলাইন সাক্ষাত আমাদের প্রত্যাশাকে বহুলাঙ্গশে ছাড়িয়ে গেছে, আর সত্যিই মনে হচ্ছিল যে আমাদের প্রাণপ্রিয় ইমাম আমাদের মাঝেই উপবিষ্ট আছেন। ন্যাশনাল মজলিসে আমেলার সকল সদস্য এ আশীষপূর্ণ সুযোগের জন্য কৃতজ্ঞ।”